

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ২৯

সেপ্টেম্বর ০৮, ২০১০
তারিখ :-----
ভদ্র ২৪, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

অতি দরিদ্রদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

দেশের অতিদরিদ্র জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর মধ্যে আনয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হচ্ছে। পল্লী অঞ্চলের অতিদরিদ্র জনগোষ্ঠী ও প্রান্তিক চাষীসহ সক্ষম জনগোষ্ঠীর কর্মসংস্থান ও ক্রয়ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দেশের জন্য সম্পদ সৃষ্টি করা এবং গ্রামীণ এলাকায় অবকাঠামো ও যোগাযোগ উন্নয়ন, যথাযথ রক্ষণাবেক্ষণ ও পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক ‘অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান’ কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

এ সকল অতি দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও তাদেরকে ব্যাংকিং সেবার আওতায় আনয়নের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতীয় পরিচয় পত্র এবং খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত কর্মী পরিচিতি/ নিবন্ধন কার্ড এর বিপরীতে উক্ত কর্মসূচীর উপকারভোগী শ্রমিকগণ ১০(দশ) টাকা জমা প্রদান পূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবে। এ সকল ব্যাংক হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ এবং কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না। এ সকল হিসাব খোলার ক্ষেত্রে KYC (Know Your Customer) এর নির্ধারিত ফর্ম পূরণের আবশ্যিকতা নেই। কর্মী পরিচিতি/ নিবন্ধন কার্ডই KYC হিসাবে বিবেচিত হবে। যেক্ষেত্রে চেকবই এর অপ্রতুলতা থাকবে সেক্ষেত্রে চেকবই এর পরিবর্তে ভাউচারের মাধ্যমেও এসকল হিসাবে লেনদেন করা যাবে। এ কর্মসূচীর উপকারভোগীদের ব্যাংক হিসাব ইউনিয়ন পর্যায়ে কোন্ ব্যাংকে খোলা হবে সে বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

এমতাবস্থায়, অতি দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫